

সাত কলেজে ডিগ্রি ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ শুরু

গেল ৯ জানুয়ারি থেকে সাত কলেজে ২০১৭ সালের ডিগ্রি ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে, চলবে আগামী ২৬ জানুয়ারি পর্যন্ত। এতে নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন এবং প্রাইভেট পরীক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ৮০০ টাকা ফি দিতে হবে প্রথম বর্ষ নিয়মিত অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের। ৩০০ টাকা দিতে হবে সার্টিফিকেট কোর্সের ফরম পূরণে। অন্যদিকে, পূর্বের পরীক্ষার্থীদের ৩০০ টাকা বিশেষ অন্তর্ভুক্তি ফি এবং পত্র প্রতি ১০০ টাকা মানোন্নয়ন ফি দিয়ে গ্রেড উন্নয়ন করার সুযোগ থাকছে। তবে প্রত্যেক পরীক্ষার্থীকে কেন্দ্র ফি দিতে হবে ৭৫০ টাকা।

প্রসঙ্গত, আগামী ২৬ জানুয়ারি ফরম পূরণের সময়সীমা শেষ হলেও ২৭ জানুয়ারি ব্যাক ড্রাফটের মাধ্যমে টাকা জমা দেওয়ার তারিখ নির্ধারণ করা হয়েছে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজ পত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৮ জানুয়ারি নির্ধারণ করা হয়েছে।